Australian Human Rights Commission
everyone, everywhere, everyday

# অভিযোগ উপস্থাপন করা

অস্ট্রেলিয়ান মানবাধিকার কমিশন একটি স্বতন্ত্র সংস্থা যা বেআইনী লিঙ্গ, জাতি, প্রতিবন্ধিকতা এবং বয়সের বৈষম্য, আইএলও ৩ বৈষম্য এবং মানবাধিকার লঙ্ঘন সম্পর্কিত অভিযোগ অনুসন্ধান ও সমাধান করে।

আপনি আমাদের কাছে কি বিষয়ে অভিযোগ করতে পারেন

- ***লিঙ্গ বৈষম্যের*** *মধ্যে যৌন হয়রানি এবং যৌনতা, লিঙ্গ পরিচয়, আন্তঃস্বত্বের স্থিতি, গর্ভাবস্থা, বৈবাহিক বা সম্পর্কের স্থিতি, বুকের দুধ খাওয়ানো, পারিবারিক দায়িত্ব এবং যৌন অভিমুখীকরণের ভিত্তিতে বৈষম্য অন্তর্ভুক্ত থাকে।*

- ***প্রতিবন্ধী বৈষম্যের*** *মধ্যে শারীরিক, বৌদ্ধিক, ইন্দ্রিয় সংক্রান্ত, শিক্ষা এবং মনোরোগ প্রতিবন্ধীদের উপর ভিত্তি করে বৈষম্য; রোগ বা অসুস্থতা; চিকিৎসাবিদ্যা শর্ত; কাজ সম্পর্কিত আঘাত; অতীত, বর্তমান এবং ভবিষ্যতের প্রতিবন্ধকতা; এবং প্রতিবন্ধীকরণের সহায়তা; সহযোগী প্রাণী এবং প্রতিবন্ধকতা আছে এমন ব্যক্তির সাথে মেলামেশা অন্তর্ভুক্ত।*

- ***জাতি বৈষম্যের*** *মধ্যে জাতি, বর্ণ, বংশ, জাতীয় বা জাতিগত উত্স এবং অভিবাসী স্থিতির ভিত্তিতে বর্ণ বিদ্বেষ এবং বৈষম্য অন্তর্ভুক্ত।*

- ***বয়স বৈষম্যের*** *মধ্যে খুব অল্প বয়স্ক বা খুব বেশি বয়স্ক হওয়ার ভিত্তিতে বৈষম্য অন্তর্ভুক্ত।*

- ***আইএলও ৩ বৈষম্যের*** *মধ্যে রয়েছে ধর্ম, অপরাধমূলক রেকর্ড, ট্রেড ইউনিয়নের কার্যকলাপ, রাজনৈতিক মতামত এবং সামাজিক উৎসের ভিত্তিতে কর্মসংস্থানে বৈষম্য।*

- ***মানবাধিকারের*** *মধ্যে কমনওয়েলথের পক্ষ থেকে বা পক্ষের ক্রিয়াগুলি অন্তর্ভুক্ত রয়েছে যেগুলোর বিরুদ্ধে নির্দিষ্ট আন্তর্জাতিক মানবাধিকার দলীলগুলো লঙ্ঘন করার অভিযোগ উঠেছে, যেমন নাগরিক ও রাজনৈতিক অধিকার সম্পর্কিত আন্তর্জাতিক চুক্তি, শিশু অধিকার সম্পর্কিত কনভেনশন এবং প্রতিবন্ধীদের অধিকারের কনভেনশন।*

আপনি অস্ট্রেলিয়ায় যেখানেই থাকুন না কেন আপনি অভিযোগ করতে পারেন এবং অভিযোগ করার জন্য কোনও খরচ হয় না। অভিযোগ প্রক্রিয়াটির পদক্ষেপগুলি নীচে বর্ণিত।

## অনুসন্ধান করুন

- আপনি কোনও বিষয়ে অভিযোগ করতে পারেন কিনা এ ব্যাপারে অনিশ্চিত হলে আপনি কমিশনের জাতীয় তথ্য সেবার সাথে ফোনে ১৩০০ ৬৫৬ ৪১৯ নম্বরে অথবা infoservice@humanrights.gov.au - এ ইমেল করে যোগাযোগ করতে পারেন

- প্রক্রিয়া শুরু করতে আমরা আপনাকে একটি অভিযোগের ফর্ম পাঠাতে পারি।

- আমরা যদি আপনাকে সহায়তা না করতে পারি তবে আমরা আপনাকে এমন কারও কাছে রেফার করার চেষ্টা করব যিনি সাহায্য করতে পারবেন।

## অভিযোগ উপস্থাপন করুন

- অভিযোগ অবশ্যই লিখিত হতে হবে। আপনি অভিযোগের ফর্মটি পূরণ করতে পারেন এবং তা আমাদের কাছে পোষ্ট বা ফ্যাক্স করতে পারেন বা আমাদের www.humanrights.gov.auওয়েবসাইটে অনলাইনে অভিযোগ দায়ের করতে পারেন।

- আপনি আপনার পছন্দের ভাষায় অভিযোগ করতে পারেন এবং প্রয়োজন হলে আমরা আপনার অভিযোগটি লিখতে সহায়তা করতে পারি।

- অভিযোগ করার জন্য আপনার কোনও আইনজীবীর দরকার নেই।

- আমরা যদি আপনার অভিযোগের সুরাহা করতে না পারি, তবে তার কারন আমরা ব্যাখ্যা করব।

## তদন্ত

- আমরা আপনার অভিযোগ সম্পর্কে কথা বলতে আপনার সাথে যোগাযোগ করব এবং আপনাকে আরও তথ্য সরবরাহ করার কথা বলা হতে পারে।

- সাধারণত, কমিশন আপনি যে ব্যক্তি বা সংস্থার বিরুদ্ধে অভিযোগ করছেন তার সাথে যোগাযোগ করবেন এবং তাদের আপনার অভিযোগের একটি অনুলিপি সরবরাহ করবেন। আমরা তাদের নির্দিষ্ট তথ্য এবং / অথবা আপনার অভিযোগের উত্তর সরবরাহ করতে বলব। আপনার অভিযোগের উত্তর হিসাবে কমিশনকে প্রদত্ত তথ্যগুলিতে আপনার সম্পর্কে ব্যক্তিগত তথ্য ছাড়াও কিছু সংবেদনশীল তথ্য থাকতে পারে।

- কিছু ক্ষেত্রে, আমরা আপনার অভিযোগের সুরাহা চালিয়ে না যাওয়ার সিদ্ধান্ত নিতে পারি। যদি এটি ঘটে থাকে তবে তার কারণ আমরা ব্যাখ্যা করব।

- সমঝোতার মাধ্যমে অভিযোগটি সমাধানের চেষ্টা করার বিষয়ে আমরা আপনার সাথে কথা বলতে পারি।

## সমঝোতা

- সমঝোতার অর্থ হ'ল আমরা আপনাকে এবং যে ব্যক্তি বা সংস্থার বিরুদ্ধে আপনি অভিযোগ করছেন তার সাথে মীমাংসা করার উপায় খুঁজতে আমরা সহায়তা করার চেষ্টা করি।

- সমঝোতা "সমঝোতা সম্মেলন" বা টেলিফোন সম্মেলনের মাধ্যমে মুখোমুখি বৈঠকে বসতে পারে। কিছু ক্ষেত্রে অভিযোগগুলি সমাধানের জন্য ইমেইলের বিনিময় এবং কথোপকথনের ব্যাবহার পারে।

- অভিযোগগুলোর সমাধান বিভিন্নভাবে করা যায়। উদাহরণস্বরূপ, ক্ষমা প্রার্থনার মাদ্ধমে, নীতি পরিবর্তন বা ক্ষতিপূরণ দিয়ে।

## সম্ভাব্য আদালতের ক্রিয়া - লিঙ্গ, অক্ষমতা, জাতি এবং বয়সের বৈষম্য

- বেআইনী বৈষম্য হয়েছে কিনা তা সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা কমিশনের নেই।

- যদি আপনার অভিযোগ নিষ্পত্তি না হয় বা অন্য কোনও কারণে বাতিল করা হয়, তবে আপনি বিষয়টি আদালতে নিতে সক্ষম হতে পারেন। বেআইনী বৈষম্য হয়েছে কিনা তা আদালত সিদ্ধান্ত নিতে পারে।

- কমিশন অভিযোগটি বাতিল করলে অস্ট্রেলিয়ার ফেডারেল সার্কিট কোর্ট বা অস্ট্রেলিয়ার ফেডারেল কোর্টে আবেদন করার জন্য আপনার 60 দিন রয়েছে।

- কমিশন বিষয়টি আপনার পক্ষে আদালতে তুলতে পারে না বা আপনার মামলা আদালতে উপস্থাপন করতে সহায়তা করতে পারে না।
- আপনি যদি আদালতে যেতে চান তবে আপনার আইনজীবী বা আইনী পরিষেবার সাথে কথা বলার দরকার হতে পারে।

## সিদ্ধান্ত / প্রতিবেদন - আইএলও ৩ বৈষম্য এবং মানবাধিকার

- যদি অভিযোগটি সমাধান না করা হয় বা অন্য কোনও কারণে বাতিল করা হয়, তবে আইএলও ৩ বৈষম্য বা মানবাধিকার লঙ্ঘন হয়েছে কিনা তার সিদ্ধান্ত কমিশনের সভাপতি নিতে পারেন।
- সভাপতি যদি সন্তুষ্ট হন যে বৈষম্য বা মানবাধিকার লঙ্ঘন হয়েছে তাহলে সভাপতি ফেডারেল অ্যাটর্নি-জেনারেলকে বিষয়টি জানাতে পারেন। প্রতিবেদনে সভাপতি ক্ষতিগ্রস্থ বা আঘাতপ্রাপ্ত কোনও ব্যক্তিকে ক্ষতিপূরণ দেওয়ার সুপারিশ করতে পারেন। রিপোর্টটি সংসদে উপস্থাপন করা হতে পারে।
- বৈষম্য এবং মানবাধিকার সম্পর্কে রাষ্ট্রপতির সিদ্ধান্তের উদাহরণ কমিশনের http://www.humanrights.gov.au/publications/reports-minister-under-ahrc-act ওয়েবসাইটে পাওয়া যায়।

## আমি কোথায় আরও তথ্য পেতে পারি?

অস্ট্রেলিয়ান মানবাধিকার কমিশনের যোগাযোগের বিবরণ হলোঃ

**টেলিফোন**

ন্যাশনাল ইনফর্মেশন সার্ভিসঃ ১৩০০ ৬৫৬ ৪১৯

টিটিওয়াইঃ ১৮০০ ৬২০ ২৪১

এনআরএস ১৩৩ ৬৭৭

ফ্যাক্সঃ (০২) ৯২৮৪ ৯৬১১

আপনার যদি কোনও দোভাষীর প্রয়োজন হয় তবে আপনি ১৩১ ৪৫০ নম্বরে কল করতে পারেন এবং অস্ট্রেলিয়ান মানবাধিকার কমিশনের সাথে যোগাযোগ করিয়ে দিতে বলতে পারেন।

আপনি যদি বধির হন বা আপনার শ্রবণ প্রতিবন্ধকতা থাকে তবে আপনি টিটিওয়াইয়ের মাধ্যমে ১৮০০ ৬২০ ২৪১ নম্বরে আমাদের সাথে যোগাযোগ করতে পারেন। আপনি যদি বধির হন বা আপনার শ্রবণ অথবা বাক-সংক্রান্ত সমস্যা থাকে তবে আপনি ন্যাশনাল রিলে সার্ভিস (এনআরএস) এর মাধ্যমে ১৩৩ ৬৭৭ নম্বরে আমাদের সাথে যোগাযোগ করতে পারেন। আপনার যদি Auslan দোভাষী দরকার হয় তাহলে আমরা আপনার জন্য তার ব্যবস্থা করতে পারি।

আপনি যদি অন্ধ হন বা দৃষ্টি প্রতিবন্ধকতা থাকে তবে আমরা অনুরোধক্রমে বিকল্প ফর্ম্যাটে তথ্য সরবরাহ করতে পারি।

**পোস্ট**

GPO Box 5218
Sydney NSW 2001

**অনলাইন**
ইমেইলঃ infoservice@humanrights.gov.au
ওয়েবসাইটঃ www.humanrights.gov.au

আপনি নীচের ওয়েবসাইটে গিয়ে অনলাইনে অভিযোগ করতে পারেন

http://www.humanrights.gov.au/complaints/lodging-your-complaint.

## সাধারণ আইনী পরামর্শ

আপনি যদি অভিযোগ করার কথা ভেবে থাকেন তবে আপনি আইনী পরামর্শ নিতে চাইতে পারেন। কম্যুইনিটি আইনী সেবা রয়েছে যা বৈষম্য এবং হয়রানির বিষয়ে বিনামূল্যে পরামর্শ প্রদান করতে পারে।

আপনি কোনও আইনী সহায়তা সংস্থার সাথে যোগাযোগ করতে পারেন (https://www.nationallegalaid.org/for-individuals/)

বা আপনার নিকটতম কম্যুইনিটি লিগ্যাল সেন্টার (www.naclc.org.au/directory).

**ডিসক্লেইমারঃ এই ফ্যাক্ট শীটের তথ্য কেবল গাইড হিসাবে তৈরি। এটা আইনি পরামর্শের জন্য কোনও বিকল্প নয়।**